# 48th BCS Preli Program

## 48th BCS Preli Pioneer Service

### Daily Live Exam Bangladesh Affairs-04

## MCQ Master Set: 1 (Question & Solution)

Question 1

“বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন” নামক সংগঠন গঠিত হয় কত তারিখে?

A ১ জুলাই ২০২৪ ✔

B ৫ জুলাই ২০২৪

C ৭ জুলাই ২০২৪

D ৩ জুলাই ২০২৪

**Solution:**
১ জুলাই → দাবি আদায়ে ‘বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন’ নামক সংগঠন তৈরি হয়। ৭ জুলাই → বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন কারীরা “বাংলা ব্লকেড” কর্মসূচি ঘোষণা করেন। ১৬ জুলাই → পুলিশের গুলিতে প্রথম শহিদ হয়- আবু সাঈদ, রংপুর।১৮ জুলাই → পুলিশের গুলিতে মীর মাহফুজুর রহমান মুগ্ধ নিহত হয়। তাঁর আলোচিত উক্তি- পানি লাগবে কারো, পানি, পানি?

Question 2

‘জুলাই শহিদ স্মৃতি ভবন’ কোন বিশ্ববিদ্যালয় অবস্থিত?

A ঢাকা বিশ্ববিদ্যালয় ✔

B জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

C বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

D খুলনা বিশ্ববিদ্যালয়

**Solution:**
জুলাই গণ-অভ্যুত্থান স্মৃতি জাদুঘর → বর্তমানে অন্তবর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে উপদেষ্টা পরিষদের পঞ্চম বৈঠকে প্রধানমন্ত্রির সরকারি বাসভবনে গণভনকে জুলাই গণ-অভ্যুত্থান স্মৃতি জাদুঘর করার সিদ্ধান্ত নেয় ৫ সেপ্টেম্বর ২০২৪। জুলাই শহিদ স্মৃতি ভবন → ঢাকা বিশ্ববিদ্যালয়ের জাতির জনক বঙ্গবন্ধু হলের ১০০০ শিক্ষার্থীর জন্য নবনির্মিত ১১ তলা ভবনের নাম 'জুলাই শহিদ স্মৃতি ভবন' নামকরণ করা হয়।

Question 3

মুক্তিযুদ্ধে 'বাতেন বাহিনী' কোন অঞ্চলে গঠিত হয়েছিল?

A ফরিদপুর

B বরিশাল

C টাঙ্গাইল ✔

D গোপালগঞ্জ

**Solution:**
আঞ্চলিক বাহিনীগুলোর মধ্যে টাঙ্গাইলের কাদের সিদ্দিকীর নেতৃত্বে গড়ে উঠা বাহিনীই সর্বাধিক পরিচিত এবং মুক্তিযুদ্ধের সময়ে সব থেকে বৃহৎ, সবচেয়ে সুসজ্জিত ও সুসংগঠিত এবং রণাঙ্গনে সর্বাপেক্ষা সফল বাহিনী। কাদের সিদ্দিকীর নামেই এ বাহিনী 'কাদেরিয়া বাহিনী' নামে দেশে এবং দেশের বাইরে ব্যাপক পরিচিতি অর্জন করে। টাঙ্গাইল এলাকায় কাদেরিয়া বাহিনীর পাশাপাশি জনৈক আব্দুল বাতেন নামক এক সাহসী ব্যক্তির নেতৃত্বে একটি বাহিনী গড়ে ওঠে। এ বাহিনী 'বাতেন বাহিনী' নামে পরিচিত হয়ে ওঠে।

Question 4

বাংলাদেশের মুক্তিযুদ্ধে নৌ কমান্ডোদের অভিযানের নাম-

A অপারেশন সার্চলাইট

B তেলিয়াপাড়া স্ট্রাটেজি

C অপারেশন জ্যাকপট ✔

D কোনটিই নয়

**Solution:**
অপারেশন জ্যাকপট হলো বাংলাদেশের মুক্তিযুদ্ধের নৌ সেক্টর পরিচালিত সফলতম গেরিলা অপারেশন। এ অপারেশন ১৯৭১-এর ১৬ আগস্ট প্রথম প্রহরে চট্টগ্রাম ও মংলা সমুদ্র বন্দর এবং দেশের অভ্যন্তরে চাঁদপুর ও নারায়ণগঞ্জ নদী বন্দরে একই সময়ে পরিচালিত হয়।

Question 5

১৬ ডিসেম্বর, ১৯৭১ সালে আত্মসমর্পণ অনুষ্ঠানে উপস্থিত একমাত্র বেসামরিক মুক্তিযোদ্ধা-

A এ.কে. খন্দকার

B আফসার উদ্দিন

C কাদের সিদ্দিকী ✔

D হেমায়েত উদ্দিন

**Solution:**
কাদের সিদ্দিকী ছিলেন একাত্তরের রণাঙ্গনের এক সাহসী, লড়াকু সৈনিক, এক অতন্দ্র মুক্তিসেনানী। মুক্তিযুদ্ধে অসামান্য ও অসম সাহসিকতা প্রদর্শনের জন্য তাঁকে বেসামরিক মুক্তিযোদ্ধা হিসেবে জীবিতদের মধ্যে সর্বশ্রেষ্ঠ সম্মাননা 'বীর উত্তম' খেতাব প্রদান করা হয়। এছাড়াও তিনি 'বঙ্গবীর' এবং 'বাঘা কাদের সিদ্দিকী' নামেও জনগণের নিকট সমাদৃত হয়ে ওঠেন। তিনিই একমাত্র বেসামরিক মুক্তিযোদ্ধা যাঁর সৌভাগ্য হয়েছিল মিত্রবাহিনীর সাথে সর্বপ্রথম ঢাকায় প্রবেশ করা এবং সোহরাওয়ার্দী উদ্যানে ১৬ ডিসেম্বর নিয়াজীর আত্মসমর্পণ অনুষ্ঠানে উপস্থিত থাকার।

Question 6

মুক্তিযুদ্ধ বিষয়ক 'এক নদী রক্ত পেরিয়ে'- গানটির গীতিকার কে?

A আনোয়ার পারভেজ

B গাজী মাজহারুল আনোয়ার

C সিকান্দার আবু জাফর

D খান আতাউর রহমান ✔

**Solution:**
মুক্তিযুদ্ধ বিষয়ক 'এক নদী রক্ত পেরিয়ে' গানটির গীতিকার খান আতাউর রহমান। এ গানটির সুরকারও খান আতাউর রহমান।

Question 7

১৯৭১ এর ধ্বংসযজ্ঞের সংবাদ বহির্বিশ্বে প্রচারকারী প্রথম সাংবাদিকের পত্রিকা 'ডেইলি টেলিগ্রাফ' কোন দেশ ভিত্তিক ছিলো?

A যুক্তরাজ্য ✔

B যুক্তরাষ্ট্র

C নেদারল্যান্ড

D অস্ট্রেলিয়া

**Solution:**
মুক্তিযুদ্ধ শুরুর পূর্বেই ৬ মার্চ লন্ডনভিত্তিক সংবাদপত্র 'ডেইলি টেলিগ্রাফ' এর সাংবাদিক সাইমন ড্রিং ঢাকায় আসেন। ২৫ মার্চ কালরাতে তিনি ছিলেন ঢাকায়। তাঁর বয়স তখন সবে ২৬ বছর। পরে অবশ্য সাইমন ড্রিংকে ঢাকা ছেড়ে ব্যাংককে পাড়ি জমাতে হয়। ব্যাংককে থেকে তিনি তাঁর গণহত্যার বিবরণ ছাপার জন্য সংবাদপত্র অফিসে পাঠান। তাঁর পাঠানো এবং Daily Telegraph- এর ৩০ মার্চ সংবাদের শিরোনাম ছিল: 'ট্যাংক দিয়ে পাকিস্তানে বিদ্রোহ দমন করা হচ্ছে: ৭০০০ নিহত, ঘরবাড়ি ভস্মীভূত'। এতে বলা হয়- আল্লাহ এবং পাকিস্তানের ঐক্যের নামে ঢাকা আজ বিধ্বস্ত ও সন্ত্রস্ত নগরী।

Question 8

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য বীর উত্তম উপাধিতে ভূষিত মুক্তিযোদ্ধার বর্তমান সংখ্যা কত?

A ৬৭ জন ✔

B ৬৮ জন

C ৬৯ জন

D ৬৬ জন

**Solution:**
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় খেতাব বাতিল করে প্রজ্ঞাপন জারি করে: ০৬ জুন, ২০২১।
যে ৪ জনের খেতাব বাতিল করা হয়: মেজর শরিফুল হক ডালিম (বীর উত্তম), মেজর এস এইচ এম বি নূর চৌধুরী (বীর বিক্রম), লে. কর্নেল এ এম রাশেদ চৌধুরী (বীর প্রতীক), লে. কর্নেল রিসালদার মোসলেহ উদ্দিন (বীর প্রতীক)। পূর্বে বীর উত্তম সংখ্যা ছিলো ৬৮ জন, বর্তমানে ১ জনের খেতাব বাতিল করায় সংখ্যা দাঁড়ায় ৬৭ জনে।

Question 9

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের প্রেক্ষাপটে 'দ্য কনসার্ট ফর বাংলাদেশ' চলচ্চিত্রের পরিচালক কে ছিলেন?

A সল সুইমার ✔

B আর্চার কেন্ট ব্লাড

C জর্জ হ্যারিসন

D বিলি প্রিস্টন

**Solution:**
'দ্য কনসার্ট ফর বাংলাদেশ' হল ১৯৭২ সালে মুক্তিপ্রাপ্ত সল সুইমার পরিচালিত একটি চলচ্চিত্র। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের আন্তর্জাতিক সচেতনতা এবং শরণার্থীদের জন্য ত্রাণ তহবিল প্রচেষ্টা বাড়াতে ১৯৭১ সালের ১ আগস্ট নিউইয়র্কের ম্যাডিসন স্কয়ার গার্ডেনে অনুষ্ঠিত জর্জ হ্যারিসন এবং রবি শঙ্কর আয়োজিত দুটি বেনেফির কনসার্টের ঘটনাকে ভিত্তি করে চলচ্চিত্রটি নির্মিত হয়। হ্যারিসন এবং শঙ্করের পারফরম্যান্স ছাড়াও চলচ্চিত্রটিতে হ্যারিসনের বিটলস ব্যান্ডের প্রাক্তন সহকর্মী রিংগো স্টার, বিলি প্রিস্টন এবং লেওন রাসেলকেও দেখা যায়। এছাড়াও এতে ছিল বব ডিলানের হেঁটে যাওয়ার দৃশ্য। সংগীতজ্ঞদের মধ্যে আলী আকবর খান, এরিক ক্ল্যাপটন, ব্যাডফিঙ্গার ব্যান্ড, ক্লস ভোরম্যান, জেস এস ডেভিস, জিম হর্ন এবং জিম কেল্টনার এতে অবদান রাখেন।

Question 10

ইস্ট বেঙ্গল রেজিমেন্ট কত তারিখে গাজীপুরে প্রথম সশস্ত্র প্রতিরোধ গড়ে তোলে?

A ৭ মার্চ, ১৯৭১

B ১৯ মার্চ, ১৯৭১ ✔

C ২২ মার্চ, ১৯৭১

D ২৫ মার্চ, ১৯৭১

**Solution:**
বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাসে বিশেষ ভূমিকা রেখেছে এই ইস্ট বেঙ্গল রেজিমেন্ট। ১৯ মার্চ, ১৯৭১ সালের দিনটি ছিল বুধবার। ১৯৭১ সালের এই দিনে পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে মুক্তিযুদ্ধে সর্বপ্রথম সশস্ত্র প্রতিরোধ গড়ে তোলেন জয়দেবপুর তথা গাজীপুরের রাজেন্দ্রপুর ক্যান্টনমেন্টের বীর সেনা ও জনতা।

Question 11

প্রবাসী সরকার বাংলাদেশে ফেরত আসে কবে?

A ১৬ ডিসেম্বর, ১৯৭১

B ২২ ডিসেম্বর, ১৯৭১ ✔

C ১৮ ডিসেম্বর, ১৯৭১

D ২০ ডিসেম্বর, ১৯৭১

**Solution:**
১৯৭১ সালের ১০ এপ্রিল প্রবাসী সরকার গঠিত হয়। প্রবাসী সরকার বা মুজিবনগর সরকার বৈদ্যনাথ তলায় ১৭ এপ্রিল শপথ গ্রহণ করে। পাকিস্তানি বাহিনী প্রবাসী সরকারের কার্যালয় গুড়িয়ে দিলে তা কলকাতার ৮ নং থিয়েটার রোডে স্থানান্তরিত হয়। ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর বাংলাদেশ স্বাধীন হলে ২২ ডিসেম্বর প্রবাসী সরকার দেশে ফেরত আসে।

Question 12

ছাত্রসমাজ কোন দিনটি ৩৬ জুলাই হিসেবে অবহিত করে?

A ১ আগস্ট

B ৪ আগস্ট

C ৫ আগস্ট ✔

D ৬ আগস্ট

**Solution:**
৫ আগস্ট আন্দোলনের গণরোষের মুখে রাষ্ট্র-পতি মো: সাহাবুদ্দিনের নিকট পদত্যাগপত্র জমা দিয়ে শেখ হাসিনা ভারতে আশ্রয় নেন এবং সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান অন্তবর্তী সরকার (Interim Government) গঠনের ঘোষণা দেন। আন্দোলনকারী ছাত্রসমাজ "দ্বিতীয় স্বাধীনতা" এবং '৩৬ জুলাই' হিসেবে অভিহিত করেন।

Question 13

মুক্তিবাহিনী ও মিত্রবাহিনীর সমন্বয়ে 'যৌথ কমান্ড' গঠিত হয়-

A ১৭ নভেম্বর, ১৯৭১

B ২১ নভেম্বর, ১৯৭১ ✔

C ১৯ নভেম্বর, ১৯৭১

D ২৯ নভেম্বর, ১৯৭১

**Solution:**
১৯৭১ সালের ২১ নভেম্বর বাংলাদেশ ও ভারত সরকার মুক্তিবাহিনী ও ভারতীয় মিত্রবাহিনীর সমন্বয়ে যৌথ বাহিনী বা 'যৌথ কমান্ড' গঠন করলে নাটকীয়ভাবে যুদ্ধের গতিপ্রকৃতি বদলে যায়। ভারতের ইস্টার্ন কমান্ডের প্রধান লে. জেনারেল জগজিৎ সিং অরোরাকে যৌথ কমান্ডের অধিনায়ক নির্বাচিত করা হয়। যৌথ কমান্ডের প্রধান হন ভারতের জগজিৎ সিংঅরোরা।

Question 14

"সংবাদপত্রে জুলাই গণ অভ্যুত্থান" বইয়ের লেখক কে?

A আহম্মদ ফয়েজ ✔

B মুহাম্মদ নূরে আলম

C মেহেদী হাসান ডালিম

D নাহিদ ইসলাম

**Solution:**
জুলাই অভ্যুত্থান চলাকালে ২৫টি শীর্ষ দৈনিক পত্রিকার প্রথম পাতার সংকলন নিয়ে "সংবাদপত্রে জুলাই গণ-অভ্যুত্থান" বইটি লিখেছেন আহম্মদ ফয়েজ। বইটি আদর্শ প্রকাশনী থেকে প্রকাশিত হয়েছে। এর মোট পৃষ্ঠা ৫৬০।

Question 15

বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম সমাজতান্ত্রিক দেশ কোনটি?

A রাশিয়া

B পূর্ব জার্মানি ✔

C পোলান্ড

D ভিয়েতনাম

**Solution:**
প্রথম ইউরোপীয় ও প্রথম সমাজতান্ত্রিক দেশ হিসেবে পূর্ব জার্মানি বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে। ১৯৭২ সালের ১১ জানুয়ারি পূর্ব জার্মানি বাংলাদেশকে স্বাধীন, সার্বভৌম দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে।

Question 16

নিচের কোন বুদ্ধিজীবী ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর শহিদ হননি?

A গোবিন্দ চন্দ্র দেব ✔

B শহীদুল্লাহ কায়সার

C আনোয়ার পাশা

D সুরকার আলতাফ মাহমুদ

**Solution:**
গোবিন্দ চন্দ্র দেব (১ ফেব্রুয়ারি, ১৯০৭ - মার্চ ২৬, ১৯৭১) ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শনবিদ্যার একজন অধ্যাপক ছিলেন। বুদ্ধিজীবী-সম্প্রদায়কে ধ্বংস করার একটি পরিকল্পনার অংশ রূপে পাকিস্তানি সৈন্যরা ক্ষণজন্মা মনীষী, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন উল্লেখযোগ্য দার্শনিক ড. গোবিন্দ চন্দ্র দেবকে ১৯৭১ সালের ২৬ শে মার্চের প্রথম প্রহরে হত্যা করেছিল।

Question 17

আয়নাঘর কী?

A আয়না দ্বারা নির্মিত ঘর

B একটি বন্দীশালা ✓

C একটি বিউটি পার্লার

D একটি চিত্র প্রদর্শনী

**Solution:**
প্রতিরক্ষা বাহিনীর গোয়েন্দা শাখা ডিজিএফআই (DGFI) এবং র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ান (র‍্যাব) কর্তৃক পরিচালিত একটি গোপন আটক কেন্দ্র বা বন্দীশালা, যেখানে রাজনৈতিক প্রতিপক্ষদের আটকে রেখে নির্যাতন করা হতো বলে অভিযোগ রয়েছে।

Question 18

মুক্তিযুদ্ধের সময় ব্রিগেড আকারে গঠিত ‘এস ফোর্স’ এর প্রধান কে ছিলেন?

A মেজর জিয়াউর রহমান

B মেজর খালেদ মোশাররফ

C মেজর কে.এম. শফিউল্লাহ ✓

D মেজর শওকত জামিল

**Solution:**
মুক্তিযুদ্ধের সময় প্রধান সেনাপতি কর্নেল এম এ জি ওসমানী (সেনাবাহিনীর সদস্যদের নিয়ে) ব্রিগেড আকারে ৩টি ফোর্স গঠন করেছিলেন। ফোর্স ৩টি হলো- জেড ফোর্স, কে ফোর্স এবং এস ফোর্স। এস ফোর্স ছিল মেজর কে এম শফিউল্লাহর নেতৃত্বে গঠিত বাংলাদেশ সশস্ত্র বাহিনী এর সামরিক ব্রিগেড। এটি ১ অক্টোবর ১৯৭১ গঠন করা হয়, ব্রিগেডটি ২য় ও ১১তম ইস্ট বেঙ্গল রেজিমেন্ট এর সমন্বয়ে গঠিত হয়েছিল।

Question 19

মুক্তিযুদ্ধ চলাকালীন স্বাধীন বাংলা বেতার থেকে ঢাকার আঞ্চলিক ভাষায় কোন অনুষ্ঠানটি প্রচারিত হতো?

A জল্লাদের দরবার

B চরমপত্র ✓

C বজ্রকণ্ঠ

D কোনটিই নয়

**Solution:**
স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রচারিত 'জল্লাদের দরবার' অনুষ্ঠানে পাকিস্তানের প্রধান সামরিক আইন প্রশাসক ও প্রেসিডেন্ট জেনারেল ইয়াহিয়া খানকে 'কেল্লা ফতেহ খান' নামক একজন অমানবিক, পাশবিক ও নিষ্ঠুর চরিত্রের মানুষ হিসেবে তুলে ধরা হয়। আর একটি জনপ্রিয় প্রোগ্রাম ছিল 'চরমপত্র'। এ সিরিজটির পরিকল্পনা ছিল আব্দুল মান্নান খান এম.এন.এ-র এবং এর স্ক্রিপ্ট তৈরি ও তা পাঠ করতেন এম.আর আখতার মুকুল। তীক্ষ্ণ ব্যঙ্গাত্মক শব্দে এবং ঢাকাইয়া ভাষায় রচিত চরমপত্র অনুষ্ঠানটি অত্যন্ত জনপ্রিয় হয়ে উঠেছিল এম.আর আখতার মুকুলের অনবদ্য উপস্থাপনায়। এ অনুষ্ঠানটি শোনার জন্য শুধু বাংলাদেশের মুক্তিপাগল মুক্তিযোদ্ধা ও সাধারণ জনগণই নয়, পশ্চিম বাংলা, ত্রিপুরা রাজ্য এবং আসামের বাঙালি জনগণও সারাদিন উদ্‌গ্রীব হয়ে থাকতেন।

Question 20

মুক্তিযুদ্ধে নৌ-কমান্ডো নিয়ে গঠিত সেক্টর কোনটি?

A ১০ নং ✔

B ১১ নং

C ৮ নং

D ৯ নং

**Solution:**
দশ নং সেক্টর: হেড কোয়ার্টারের সরাসরি তত্ত্বাবধানে এ নৌ-কমান্ডো বাহিনী সংগঠিত হয়। এ সেক্টরের কোনো আঞ্চলিক সীমানা নির্দিষ্ট ছিল না। এ সেক্টর গঠিত হয়েছিল প্রশিক্ষণপ্রাপ্ত ৫১৫ জন নৌ-কমান্ডো নিয়ে।

Question 21

কত সালে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় গঠন করা হয়?

A ১৯৯২

B ২০০০

C ২০০১ ✔

D ২০০২

**Solution:**
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়:
প্রতিষ্ঠা: ২৩ অক্টোবর, ২০০১।
মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট বিষয়ক বোর্ড অব ট্রাস্টিজ প্রধান- মাননীয় প্রধানমন্ত্রী।
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল আইন (জামুকা)- ২০০২ সালে প্রণীত হয়।
মুক্তিযোদ্ধার ভাতা: মাসিক সম্মানী ২০,০০০ টাকা।

Question 22

৭নং সেক্টরের সেক্টর কমান্ডার ছিলেন-

A মেজর নাজমুল হক ✔

B আবু ওসমান চৌধুরী

C এম. কে বাশার

D এম এ জলিল

**Solution:**
৭ নম্বর সেক্টর: দিনাজপুর জেলার দক্ষিণাঞ্চল, বগুড়া, রাজশাহী এবং পাবনা জেলা নিয়ে ৭ নম্বর সেক্টর গঠিত হয়। সেক্টর প্রধান ছিলেন- মেজর নাজমুল হক ও মেজর কাজী নূরুজ্জামান।

Question 23

সিপাহি মোহাম্মদ হামিদুর রহমান কোন সেক্টরে যুদ্ধ করেন?

A ৪ নম্বর ✔

B ৯ নম্বর

C ১১ নম্বর

D ৭ নম্বর

**Solution:**
বীরশ্রেষ্ঠ সিপাহি মোহাম্মদ হামিদুর রহমান:
কর্মস্থল: সেনাবাহিনী।
মুক্তিযুদ্ধে অংশরত সেক্টর: ৪ নং সেক্টর।

Question 24

বাংলাদেশের মুক্তিযুদ্ধে নিহত মাদার মারিও ভেরেনজি ছিলেন -

A ইতালির নাগরিক ✔

B ব্রিটিশ নাগরিক

C অস্ট্রেলিয়ার নাগরিক

D ফ্রান্সের নাগরিক

**Solution:**
তিনি একজন ইতালির ধর্মযাজক। মুক্তিযুদ্ধকালে তিনি যশোরে একটি গির্জায় কর্মরত ছিলেন। গির্জায় বাঙালিদের আশ্রয় দেওয়ার অভিযোগে ১৯৭১ সালের ৪ এপ্রিল পাকবাহিনী তাঁকে গুলি করে হত্যা করে।

Question 25

## ‘মুক্তি ফৌজ’ বলতে কোন বাহিনীকে বোঝানো হয়?

A নিয়মিত বাহিনী ✔

B অনিয়মিত বাহিনী

C গেরিলা বাহিনী

D কোনটিই নয়

**Solution:**
মুক্তিবাহিনী সরকারি পর্যায়ে দুভাগে বিভক্ত ছিল:
১. নিয়মিত বাহিনী ও ২. অনিয়মিত বাহিনী।
১. নিয়মিত বাহিনী: ইস্ট বেঙ্গল রেজিমেন্টের ইউনিটগুলোর সমন্বয়ে বাঙালি সৈনিকদের নিয়ে এই বাহিনী গঠিত হয়। মুক্তিবাহিনী বা মুক্তি ফৌজ সরকারিভাবে ‘নিয়মিত বাহিনী’ নামে পরিচিত।
২. অনিয়মিত বাহিনী: যুবক, ছাত্র, শ্রমিক, কৃষক ও সকল পর্যায়ের মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে বিভিন্ন সেক্টরের অধীনে অনিয়মিত বাহিনী গঠিত হয়।

Question 26

## ‘কনসার্ট ফর বাংলাদেশ’ কোথায় অনুষ্ঠিত হয়?

A ওয়াশিংটন ডিসি

B নিউইয়র্ক ✔

C লন্ডন

D ক্যালিফোর্নিয়া

**Solution:**
বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ১ আগস্ট, ১৯৭১ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের ম্যাডিসন স্কয়ার গার্ডেনে অনুষ্ঠিত হয় ‘দ্য কনসার্ট ফর বাংলাদেশ’। ১৯৭১ সালের এই দিনে পণ্ডিত রবিশঙ্কর মুক্তিযুদ্ধের প্রতি বিশ্বজনমত গড়ে তোলা এবং শরণার্থীদের আর্থিক সহায়তা দেয়ার জন্য শিল্পী জর্জ হ্যারিসনকে নিয়ে এ অবিস্মরণীয় কনসার্টের আয়োজন করেছিলেন। এ কনসার্টের বাদক নাম ছিল বিটলস্। উল্লেখ্য, এ অনুষ্ঠানে গান গেয়েছিলেন ২০১৬ সালে সাহিত্যে নোবেলজয়ী কিংবদন্তি শিল্পী বব ডিলান।

Question 27

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে 'চিফ অব স্টাফ' এর দায়িত্ব পালন করেন কে?

A কর্নেল (অব.) এম. এ. রব ✔

B কর্নেল (অব.) এম. এ. জি. ওসমানী

C গ্রুপ ক্যাপ্টেন এ.কে. খন্দকার

D কে. এম. শফিউল্লাহ

**Solution:**
১৯৭১ সালের ১১ থেকে ১৭ জুলাই প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমদের সভাপতিত্বে সিনিয়র সামরিক কর্মকর্তাগণ যুদ্ধের বিভিন্ন ধরনের সমস্যা এবং ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণ এবং যুদ্ধের রণকৌশল নির্ধারণের জন্য একটি অধিবেশন বা সম্মেলনে মিলিত হন। তাঁদের পরামর্শ অনুযায়ী সমগ্র বাংলাদেশের রণাঙ্গনকে ১১টি সেক্টর ও সেগুলোকে আবার বিভিন্ন সাব-সেক্টরে বিভক্ত করা হয়। মুজিবনগর সরকার লে. কর্নেল এম. এ. রবকে চীফ অব স্টাফ এবং গ্রুপ ক্যাপ্টেন এ. কে. খন্দকারকে ডেপুটি চীফ অব স্টাফ নিয়োগ করেন।

Question 28

মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী বাংলাদেশের প্রথম গোলন্দাজ ইউনিটের নাম কী?

A মুজিব ব্যাটারি ✔

B ক্র্যাক প্লাটুন

C মুজিব বাহিনী

D মুক্তিবাহিনী

**Solution:**
মুজিব ব্যাটারি:
- পরিচিতি: বাংলাদেশ বাহিনীর প্রথম গোলন্দাজ ইউনিট।
- ব্যাটারি পরিচালনার দায়িত্বে: পাকিস্তান বাহিনী থেকে পালিয়ে স্বাধীনতাযুদ্ধে যোগ দেয়া বাঙালি গোলন্দাজ কর্মকর্তা ও সেনাসদস্যরা।
- ব্যাটারির নেতৃত্বে: ক্যাপ্টেন আব্দুল আজিজ পাশা (প্রথম) এবং ক্যাপ্টেন আনোয়ারুল আলম (পরবর্তীতে)।
- যুদ্ধ করেছিল: ২ নং সেক্টরে।

Question 29

বাংলাদেশের প্রথম অন্তবর্তীকালীন সরকার গঠিত হয় কবে?

A ২০২৪ সালে

B ১৯৯১ সালে

C ১৯৮৯ সালে

D ১৯৯০ সালে ✔

**Solution:**
১৯৯০ সালে ছিলো রাষ্ট্রপতি শাসিত সরকার রাষ্ট্রপতি ছিলেন হুসেইন মুহাম্মদ এরশাদ এবং উপরাষ্ট্রপতি ছিলেন মওদুদ আহমদ। ১৯৯০ সালে গণ আন্দোলনের মুখে সেনা শাসক হুসেইন মুহাম্মদ এরশাদ পদত্যাগ করেন। এরশাদ পদত্যাগের পর বিরোধী রাজনৈতিক দলগুলোর ঐক্যমতের ভিত্তিতেই তৎকালীন প্রধান বিচারপতি সাহাবুদ্দীন আহমদের নেতৃত্বে গঠন হয়েছিল অন্তর্বর্তীকালীন সরকার।

Question 30

১৬ ডিসেম্বর, ১৯৭১ সালে কোন পাকিস্তানি জেনারেল ঢাকা রেসকোর্সে মিত্র বাহিনীর নিকট আত্মসমর্পণ করেন?

A জেনারেল টিক্কা খান

B জেনারেল ইয়াহিয়া খান

C জেনারেল আবদুল হামিদ

D জেনারেল নিয়াজী ✔

**Solution:**
১৬ ডিসেম্বর, ১৯৭১ সালে আত্মসমর্পণ দলিলে স্বাক্ষর করেন ২ জন। যথা-
১. যৌথ বাহিনীর পক্ষে: লে. জেনারেল জগজিৎ সিং অরোরা।
২. পাকিস্তানের পক্ষে: জেনারেল আমির আব্দুল্লাহ খান নিয়াজী।
● বাংলাদেশের পক্ষে প্রতিনিধিত্ব করেন এ. কে. খন্দকার।

Back